



সন্ত্রাস ও চাঁদাবাজির বিরুদ্ধে কঠোর অবস্থানে সরকার: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ জানিয়েছেন, দেশে সক্রিয় শীর্ষ সন্ত্রাসী ও চাঁদাবাজদের আইনের আওতায় আনতে দ্রুত ও কার্যকর পদক্ষেপ নেওয়া হচ্ছে। পরিকল্পনার বিস্তারিত এখন প্রকাশ করা না হলেও সরকার এ বিষয়ে আপসহীন থাকবে বলে তিনি স্পষ্ট করেন।

রোববার (১ মার্চ) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, চট্টগ্রামে চাঁদা দাবিকে কেন্দ্র করে গুলির ঘটনায় জড়িতদের শনাক্ত করা হয়েছে। বিভিন্ন গোয়েন্দা সংস্থা সমন্বিতভাবে কাজ করছে এবং কাউকেই ছাড় দেওয়া হবে না।

আইনশৃঙ্খলা পরিস্থিতি প্রসঙ্গে মন্ত্রী বলেন, বর্তমান অবস্থা আগের তুলনায় উন্নত। একটি স্থিতিশীল রাজনৈতিক সরকার প্রতিষ্ঠিত হলে সাধারণ মানুষের মধ্যে আস্থা ও নিরাপত্তাবোধ তৈরি হয়, যা সামগ্রিক পরিস্থিতির উন্নতিতে সহায়ক।

নরসিংদীর ধর্ষণ ঘটনার বিষয়ে তিনি জানান, ২৪ থেকে ৪৮ ঘণ্টার মধ্যে জড়িতদের গ্রেপ্তারের নির্দেশ দেওয়া হয়েছিল এবং তা বাস্তবায়ন করা হয়েছে। অনুরূপ আরও কয়েকটি ঘটনায় একই ধরনের দ্রুত ব্যবস্থা নেওয়া হয়েছে।

মন্ত্রী আরও বলেন, অপরাধ দমনে আইনশৃঙ্খলা বাহিনীর কঠোরতা ও সরকারের আন্তরিকতা জনগণ ইতোমধ্যে লক্ষ্য করেছে। দ্রুত তদন্ত শেষ করে আদালতে অভিযোগপত্র জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। বিচারিক প্রক্রিয়া দ্রুত সম্পন্ন হলে ভবিষ্যতে অপরাধে জড়ানোর প্রবণতা কমবে বলেও তিনি আশা প্রকাশ করেন।